

“শিল্পে প্রাকৃতিক গ্যাস,
গৃহস্থালিতে বিকল্প জ্বালানী”
“বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার”



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন
কোম্পানী লিঃ (বাপেক্স)
বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা
www.bapex.com.bd
পে, বিল এন্ড স্টোর একাউন্টস শাখা



স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০৫০.৩৬.০০১.২০.৭

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৬

১১ মার্চ ২০২০

বিষয়: মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ২০১২ আইন বাস্তবায়ন প্রসঙ্গে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা-এর এসআরও নং-১৮৭-আইন/২০১৯/৪৪-মূসক, তারিখঃ-১৩ জুন, ২০১৯ মোতাবেক মূল্য সংযোজন কর আইন ৫ (১)-এর বিধান নিম্নরূপঃ “সরবরাহকারী সমন্বিত কর চালানপত্র ও উৎসে কর কর্তন সনদপত্র ফরম মূসক (৬.৩) জারি না করিলে, উৎসে কর কর্তনকারী সত্তা সরবরাহকারীর নিকট হইতে কোন সরবরাহ গ্রহণ করিবে না এবং সরবরাহকারীকে উক্ত সরবরাহের বিপরীতে কোন মূল্য পরিশোধ করিবে না।”

আলোচ্য আইন অনুযায়ী সরবরাহকারী পরিশোধিত বিলের সহিত সরকারী কোষাগারে মূসক পরিশোধের চালানপত্র, মূসক ফরম ৬.৩ এবং চলতি হিসাব বহির ফটোকপি সংযুক্ত না করিলে বিল পরিশোধ করা সম্ভব হবে না। উল্লেখ্য যে, ক্রয় নীতিমালা অনুসারে দরপত্র দলিল প্রস্তুতকালে বিষয়টি অর্ন্তভুক্ত থাকা আবশ্যিক এবং চুক্তি বা কার্যাদেশের অধীন নগদে/বাকিতে ক্রয়ের ক্ষেত্রে ধারা ৪৯(১) মোতাবেক ইহা প্রযোজ্য হবে। টেন্ডার, চুক্তি বা কার্যাদেশের পূর্বেই উল্লেখিত মূসক আইন প্রয়োগ করতে হবে যাতে বিল পরিশোধে জটিলতা সৃষ্টি বা বিলম্ব না হয়।

এমতাস্থায় আপনার বিভাগ/উপ-বিভাগ/প্রকল্প/গ্যাস ফিল্ড/স্থাপনা/শাখা হতে বিল হিসাব ও অর্থ বিভাগে প্রেরণের পূর্বে মূল্য সংযোজন করা আইন ৫ অনুযায়ী বিলের সহিত সরকারী কোষাগারে মূসক পরিশোধের চালানপত্র, মূসক ফরম ৬.৩ এবং চলতি হিসাব বহির ফটোকপি সংযুক্ত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১১-৩-২০২০

জনাব এস এম তারিকুল ইসলাম
মহাব্যবস্থাপক

বিতরণ :

- ১) মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধানবৃন্দ (বাপেক্স)
- ২) বাপেক্স এর সকল প্রকল্প পরিচালকগণ
- ৩) উপ-মহাব্যবস্থাপকবৃন্দ
- ৪) উপ-মহাব্যবস্থাপক (গ্যাসক্ষেত্র)
- ৫) ডি আই সি, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স), ঢাকা।

স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০৫০.৩৬.০০১.২০.৭/১(২)

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৬
১১ মার্চ ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
- ২) সহকারী ব্যবস্থাপক, প্রশাসন বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)



১১-৩-২০২০

মোহাম্মদ নূর হোসেন

উপ-মহাব্যবস্থাপক